
কালের কণ্ঠ

তারিখ ...... 29 JAN 2017
পৃষ্ঠা ...2... কলাম ...2......



বিশ্বসাহিত্য কেন্দ্রের দুই দিনব্যাপী বইপড়া ও পুরস্কার বিতরণী উৎসবের সমাপনী দিনে মোমবাতি হাতে শিশু-কিশোর পাঠকরা। ছবি : কালের কণ্ঠ

# ঢাকায় বইপড়া উৎসবের পুরস্কার বিতরণী সম্পন্ন

**জগন্নাথ বিশ্ববিদ্যালয় প্রতিনিধি ▷**

বিশ্বসাহিত্য কেন্দ্র আয়োজিত বইপড়া উৎসবের দুই দিনব্যাপী পুরস্কার বিতরণী গতকাল
শনিবার শেষ হয়েছে। রাজধানীর সোহরাওয়ার্দী উদ্যানে আয়োজিত তৃতীয় পর্বে ঢাকা
মহানগরীর ২৭টি শিক্ষাপ্রতিষ্ঠানের এক হাজার ৮৫৭ জন ছাত্রছাত্রীকে পুরস্কার দেওয়া
হয়েছে। সন্ধ্যায় মোমবাতি জ্বালিয়ে 'আগুনের পরশমণি ছোঁয়াও প্রাণে...' গানটির সুরে
উৎসবের সমাপ্তি ঘোষণা করা হয়।
পুরস্কার বিতরণী উৎসবে মোট তিনটি পর্বে ঢাকা মহানগরীর ১১১টি শিক্ষাপ্রতিষ্ঠানের
পাঁচ হাজার ৬৯৮ জন শিক্ষার্থীর হাতে পুরস্কার তুলে দেওয়া হয়েছে। পুরস্কারের বইসহ
উৎসব আয়োজনে সার্বিক সহযোগিতা করেছে গ্রামীণফোন।
সমাপনী পর্বে বিশ্বসাহিত্য কেন্দ্রের প্রতিষ্ঠাতা সভাপতি অধ্যাপক আবদুল্লাহ আবু সায়ীদ
বলেন, বই পড়ে আলোকিত হওয়ার জন্য সবার চেষ্টা অব্যাহত রাখতে হবে।
আলোকিত মানুষ অন্যান্য প্রাণী থেকে আলাদা।
এ পর্বে অতিথিদের মধ্যে ছিলেন প্রথম আলোর সহযোগী সম্পাদক আব্দুল কাইয়ুম,
বিশ্বসাহিত্য কেন্দ্রের সম্মানিত ট্রাস্টি মনসুর আহমেদ চৌধুরী, বিশ্বসাহিত্য কেন্দ্রের
সম্মানিত ট্রাস্টি মাহবুব জামিল, খন্দকার মো. আসাদুজ্জামান, মোবাশ্বের হোসেন, ড.
মো. মাহামুদ-উল হক, বিশিষ্ট নাট্যব্যক্তিত্ব খায়রুল আলম সবুজ প্রমুখ।
সারা দেশে সেকায়েপ প্রকল্পের মাধ্যমে ৬১ লাখ শিক্ষার্থীকে বইপড়া কর্মসূচিতে অন্তর্ভুক্ত
করা হয়েছে। ১২ হাজার শিক্ষাপ্রতিষ্ঠানে এই বইপড়া কার্যক্রম বাস্তবায়ন করছে
বিশ্বসাহিত্য কেন্দ্র। বিশ্বসাহিত্য কেন্দ্রের পরিচালক শরিফ মো. মাসুদ সফলভাবে
বইপড়া কর্মসূচি পরিচালনায় সহায়তার জন্য সবাইকে ধন্যবাদ জানান। অনুষ্ঠান
পরিচালনা করেন বিশ্বসাহিত্য কেন্দ্রের ডেপুটি টিম লিডার (প্রগ্রাম) মেজবাহ উদ্দিন
আহমেদ সুমন।